## ২১ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : পদ্মা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১৪.০৪.২০১৩ | | পূর্ণমান : ৮০

[বিঃদ্রঃ প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষেধ।]

০১. লীগ অব নেশনস কোন সালে বিলুপ্ত হয়?
ক. ১৯৩৯ সালে খ. ১৯৪১ সালে
গ. ১৯৪৪ সালে ঘ. ১৯৪৬ সালে

উত্তর/ ঘ ব্যাখ্যা: লীগ অব নেশনস বা জাতিপুঞ্জ প্রতিষ্ঠিত হয় ১৯১৯ সালে। সদর দপ্তর ছিল সুইজারল্যান্ডের জেনেভায়। জাতিপুঞ্জ গঠনের প্রস্তাবক ছিলেন যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট উড্রো উইলসন। লীগ অব নেশনস আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হয় ২০ এপ্রিল ১৯৪৬ সালে।

০২. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রধান কার্যালয় কোথায়?
ক. টোকিও খ. ব্যাংকক
গ. সিঙ্গাপুর ঘ. ম্যানিলা

উত্তর/ ঘ ব্যাখ্যা: Asian Development Bank (ADB) প্রতিষ্ঠিত হয় ২২ আগস্ট ১৯৬৬ সালে। ADB-এর সদর দপ্তর ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অবস্থিত। ADB-এর বর্তমান সদস্য সংখ্যা ৬৭ টি। ADB আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ১৯ ডিসেম্বর ১৯৬৬ সালে।

০৩. আমেরিকার স্বাধীনতা ঘোষণা করা হয় কোন সালে?
ক. ১৭৭৩ খ. ১৭৭৫
গ. ১৭৭৬ ঘ. ১৭৭৭

উত্তর/ গ ব্যাখ্যা: ১৭৭৬ সালের ৪ জুলাই ১৩ টি উপনিবেশ যুক্তরাজ্য থেকে বিচ্ছিন্ন হয়ে স্বাধীন মার্কিন যুক্তরাষ্ট্র প্রতিষ্ঠার জন্য স্বাধীনতার ঘোষণাপত্র প্রদান করে। ১৭৮৩ সালের ৩ সেপ্টেম্বর ফ্রান্সের রাজধানী প্যারিসে চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রের স্বাধীনতাকে স্বীকৃতি দিয়ে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের মধ্যে প্যারিস শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিটি প্রথম প্যারিস চুক্তি নামে পরিচিত।

০৪. 'হামাস' কোন দেশের সংগঠন?
ক. লেবানন খ. ফিলিস্তিন
গ. মিসর ঘ. ইরাক

উত্তর/ খ ব্যাখ্যা: হামাস ফিলিস্তিনের ইসলামি একটি রাজনৈতিক সংগঠন। ১৯৮৭ সালের ১৪ ডিসেম্বর হামাস প্রতিষ্ঠা করেন শেখ আহমেদ ইয়াসিন ও মাহমুদ জাহার। হামাসের সদর দপ্তর ফিলিস্তিনের গাজায় অবস্থিত। হামাস ২০০৭ সাল থেকে গাজা শাসন করছে। হামাসের বর্তমান প্রধান খালেদ মিশাল।

০৫. ইসলামী সম্মেলন সংস্থার সচিবালয় অবস্থিত–
ক. জেদ্দা খ. রিয়াদ
গ. মক্কা ঘ. মদিনা

উত্তর/ ক ব্যাখ্যা: ইসলামী সম্মেলন সংস্থা (OIC) প্রতিষ্ঠিত হয় ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে। ২০১১ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয় ইসলামী সহযোগিতা সংস্থা (OIC)। OIC 'র সদর দপ্তর বা সচিবালয় সৌদি আরবের জেদ্দায় অবস্থিত। বর্তমান সদস্য সংখ্যা ৫৭ টি।

০৬. 'আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা'-এর সদর দপ্তর–
ক. জেনেভা খ. বন
গ. ভিয়েনা ঘ. রোম

উত্তর/ গ ব্যাখ্যা: International Atomic Energy Agency (IAEA) প্রতিষ্ঠিত হয় ২৯ জুলাই ১৯৫৭ সালে। এর সদর দপ্তর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত। IAEA-এর প্রধানের পদবি মহাপরিচালক। বর্তমান সদস্য দেশ ১৬৮ টি।

০৭. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয়েছিল ১৯৭১ সালের–
ক. ২৬ মার্চ খ. ২৩ মার্চ
গ. ১০ মার্চ ঘ. ২ মার্চ

উত্তর/ ঘ ব্যাখ্যা: বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেন তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে। বাংলাদেশের বাইরে সর্বপ্রথম জাতীয় পতাকা উত্তোলন করা হয় ১৮ এপ্রিল ১৯৭১ সালে কলকাতাস্থ পাকিস্তানের ডেপুটি হাইকমিশনে। উত্তোলন করেন হাইকমিশনের প্রধান এম হোসেন আলী।

০৮. রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে?
ক. ১৯৫২ খ. ১৯৫৩
গ. ১৯৫৪ ঘ. ১৯৫৫

উত্তর/ খ ব্যাখ্যা: রাজশাহী বিশ্ববিদ্যালয় রাজশাহী জেলায় অবস্থিত দেশের দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয়। মাহবুবর কমিশনের সুপারিশ অনুযায়ী ৬ জুলাই ১৯৫৩ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের আয়তন ৭৫৩ একর। প্রথম উপাচার্য ছিলেন প্রফেসর ইতরাত হোসেন জুবেরী।

০৯. 'বীরশ্রেষ্ঠ' পদকপ্রাপ্তদের সংখ্যা কত?
ক. সাত খ. আট
গ. পাঁচ ঘ. ছয়

উত্তর/ ক ব্যাখ্যা: বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য বাংলাদেশ সরকার ৭ জনকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করে। ৩ জন সেনাবাহিনী, ২ জন ইপিআর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমানবাহিনীর সদস্য ছিলেন।

১০. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?
ক. হামিদুর রহমান খ. তানভির কবির
গ. মাযহারুল ইসলাম ঘ. মাইনুল হোসেন

উত্তর/ ঘ ব্যাখ্যা: জাতীয় স্মৃতিসৌধ বা সম্মিলিত প্রয়াস ঢাকার সাভার উপজেলার নবীনগরে অবস্থিত। জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। স্মৃতিসৌধ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় ১৬ ডিসেম্বর ১৯৮২ সালে। উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার, ফলকের সংখ্যা ৭টি।

১১. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত?
ক. ২৮০ মি./সেকেন্ড খ. শূন্য
গ. ৩৩২ মি./সেকেন্ড ঘ. ১১২০ ফুট/সেকেন্ড

উত্তর/ খ ব্যাখ্যা: শব্দ: শক্তির একটি বিশেষ রূপ যা আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায়। কোন মাধ্যমে শব্দ প্রতি সেকেন্ডে যতটুকু দূরত্ব অতিক্রম করে তাকে শব্দের বেগ বলে। যে মাধ্যমের ঘনত্ব যত বেশি এবং স্থিতিস্থাপক, সে মাধ্যমে শব্দের বেগ বেশি। শূন্য মাধ্যমে শব্দের বেগ শূন্য।

১২. বর্ণালীর প্রান্তীয় বর্ণ কি কি?
ক. বেগুনী ও হলুদ খ. লাল ও নীল
গ. বেগুনি ও লাল ঘ. নীল ও সবুজ

উত্তর/ গ ব্যাখ্যা: সূর্যরশ্মি বিচ্ছুরণের ফলে সৃষ্ট বর্ণালী হল সৌর বর্ণালী। বর্ণালীতে সাতটি বর্ণ হল- বেগুনি, নীল, আসমানি, সবুজ, হলুদ, কমলা ও লাল। বর্ণালীর প্রান্তীয় বর্ণদ্বয় হলো বেগুনি ও লাল।

১৩. সহসা দরজা খুলতে চাইলে দরজার কোথায় বল প্রয়োগ করা উচিত?
ক. কব্জার বিপরীত প্রান্তে
খ. মাঝখানে
গ. কব্জার কাছে
ঘ. উপরের প্রান্তে

**উত্তর ✓ ক** ব্যাখ্যা: সহসা দরজা খুলতে চাইলে কব্জার বিপরীত প্রান্তে বল প্রয়োগ করা উচিত। তাহলে প্রযুক্ত বল কার্যকর হবে।

১৪. একজন মানুষ কি অবস্থায় পৃথিবীকে সবচেয়ে কম চাপ দেয়?
ক. দাঁড়ানো
খ. দৌড়ানো
গ. বসা
ঘ. শোয়া

**উত্তর ✓ ঘ** ব্যাখ্যা: কোন বল কোন ক্ষেত্রের উপর লম্বভাবে ক্রিয়া করলে প্রতি একক ক্ষেত্রফলে প্রযুক্ত বলই হচ্ছে চাপ। একজন মানুষ শোয়া অবস্থায় পৃথিবীকে কম চাপ দেয়। কেননা শোয়া অবস্থায় একজন ব্যক্তি ভূ- পৃষ্ঠের যে স্থান দখল করে তার ক্ষেত্রফল বেশি হওয়ায় শোয়া অবস্থায় প্রযুক্ত চাপ কম।

১৫. কোন বর্ণের আলোর প্রতিসরণ সবচাইতে বেশি?
ক. বেগুনি
খ. সবুজ
গ. লাল
ঘ. হলুদ

**উত্তর ✓ ক** ব্যাখ্যা: দুটি মাধ্যমের বিভেদতলে আলো যদি তির্যকভাবে আপতিত হয়, তাহলে দ্বিতীয় মাধ্যমে প্রবেশের সময় রশ্মির দিক পরিবর্তিত হয়। এই দিক পরিবর্তন হওয়াকে আলোর প্রতিসরণ বলে। যার তরঙ্গ দৈর্ঘ্য যত কম তাদের প্রতিসরণ তত বেশি। বেগুনি বর্ণের তরঙ্গদৈর্ঘ্য কম বলে প্রতিসরণ বেশি।

১৬. বিদ্যুৎ প্রবাহের একক—
ক. ভোল্ট
খ. অ্যাম্পিয়ার
গ. জুল
ঘ. ওয়াট

**উত্তর ✓ খ** ব্যাখ্যা: কোনো পরিবাহীর মধ্যদিয়ে কোন নির্দিষ্ট দিকে মুক্ত চার্জের প্রবাহকে তড়িৎ প্রবাহ বলে। তড়িৎ প্রবাহের একক হচ্ছে অ্যাম্পিয়ার।

১৭. ক্রনোমিটার হচ্ছে—
ক. সময় নির্ণায়ক যন্ত্র
খ. সমুদ্রের গভীরতার নির্ণায়ক যন্ত্র
গ. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র
ঘ. শীতাতপ পরিমাপক যন্ত্র

**উত্তর ✓ ক** ব্যাখ্যা: ক্রোনোমিটার হল সময় নির্ণয়কারী এক বিশেষ ধরনের ঘড়ি। যেটি জাহাজের নাবিকদের কাজে লাগে। সাধারণত এর সাহায্যে গ্রিনিচের সময় জেনে জাহাজের অবস্থান সম্পর্কে জানতে পারে।

১৮. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়—
ক. চন্দ্রগ্রহণ
খ. সূর্যগ্রহণ
গ. অমাবস্যা
ঘ. কোনোটিই নয়

**উত্তর ✓ খ** ব্যাখ্যা: অমাবস্যা তিথিতে সূর্য, চাঁদ, ও পৃথিবী একই সরলরেখায় অর্থাৎ সূর্য ও পৃথিবীর মাঝে চাঁদ অবস্থান করে। ফলে পৃথিবীতে সূর্যের আলো আসতে বাধাপ্রাপ্ত হয়। এই অবস্থাকে সূর্য গ্রহণ বলে।

১৯. মোটর গাড়িতে ব্যবহৃত দর্পণ—
ক. অবতল দর্পণ
খ. সমতল দর্পণ
গ. উত্তল দর্পণ
ঘ. সবগুলোই

**উত্তর ✓ গ** ব্যাখ্যা: যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে। উত্তল দর্পণ সাধারণত অসদ, সোজা, এবং বস্তুর চেয়ে ছোট বিম্ব গঠনের জন্য ব্যবহৃত হয়। আলোকরশ্মি চারদিকে ছড়িয়ে দেয় বলে মোটর গাড়ির হেডলাইট বা রাস্তার লাইটে উত্তল দর্পণ ব্যবহার হয়।

২০. একটি বায়ুশূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একত্রে ছেড়ে দিলে—
ক. উভয়টি একসাথে পড়বে
খ. লোহার বলটি আগে পড়বে
গ. পালকটি আগে পড়বে
ঘ. কোনটিও পড়বে না

**উত্তর ✓ ক** ব্যাখ্যা: গ্যালিলিওর পড়ন্ত বস্তুর সূত্রে দেখা যায়- একই উচ্চতা থেকে মুক্ত ভাবে পড়ন্ত সকল বস্তু সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে। তাই বায়ুশূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একই সময়ে পড়বে।

২১. সমুদ্রবায়ু প্রবলবেগে প্রবাহিত হয়—
ক. সকালে
খ. রাত্রিতে
গ. অপরাহ্ণে
ঘ. মধ্যাহ্নে

**উত্তর ✓ গ** ব্যাখ্যা: সমুদ্রবায়ু প্রবল বেগে প্রবাহিত হয় অপরাহ্ণে।

২২. আগ্নেয়গিরির জ্বালামুখ দিয়ে নির্গত গলিত পদার্থকে বলা হয়—
ক. ম্যাগমা
খ. লাভা
গ. শিলা
ঘ. ভস্ম

**উত্তর ✓ খ** ব্যাখ্যা: ভূ-ত্বকের দুর্বল অংশের যে ফাটলের মধ্য দিয়ে ভূ- গর্ভস্থ ধূম- গ্যাস, গলিত শিলা, ধূলি ভস্ম, বিবিধ তরল ও কঠিন ধাতব পদার্থ নির্গত হয় তাকে আগ্নেয়গিরি বলে। আগ্নেয়গিরির জ্বালামুখ দিয়ে নির্গত গলিত পদার্থকে লাভা বলা হয়।

২৩. পৃথিবীর পরিধি—
ক. ৩৬০ ডিগ্রি
খ. ২৬০ ডিগ্রি
গ. ১৮০ ডিগ্রি
ঘ. ৯০ ডিগ্রি

**উত্তর ✓ ক** ব্যাখ্যা: পৃথিবীর আকার সম্পূর্ণ গোলাকার না হলেও আপেলের মত। তাই বৃত্তের পরিধির সাথে এর সামঞ্জস্য আছে। সুতরাং পৃথিবীর পরিধি ৩৬০°।

২৪. পৃথিবী হতে সূর্যের গড় দূরত্ব—
ক. ১৭ কোটি কিমি
খ. ১৫ কোটি কিমি
গ. ১০ কোটি কিমি
ঘ. ১৩ কোটি কিমি

**উত্তর ✓ খ** ব্যাখ্যা: সূর্যকে কেন্দ্র করে গ্রহ, নক্ষত্র, ধুমকেতু, গ্রহানুপুঞ্জ প্রভৃতি মহাকর্ষ শক্তির দ্বারা আকৃষ্ট হয়ে নির্দিষ্ট সময়ে সূর্যের চারদিকে পরিভ্রমণের মাধ্যমে যে বিরাট জগৎ গড়ে তোলে তাকে সৌরজগৎ বলে। সৌরজগতের সবচেয়ে গুরুত্বপূর্ণ জোতিষ্ক হলো সূর্য। পৃথিবী সূর্যের তৃতীয় নিকটতম গ্রহ। এর গড় দূরত্ব ১৫ কোটি কি.মি।

২৫. সৌরজগতের বৃহত্তম গ্রহ—
ক. শুক্র
খ. শনি
গ. বৃহস্পতি
ঘ. পৃথিবী

**উত্তর ✓ গ** ব্যাখ্যা: রোমান দেবতা জুপিটারের নামানুসারে বৃহস্পতির নামকরণ করা হয়। এটি বৃহত্তম বলে একে গ্রহরাজ বলা হয়। এর ১৬ টি উপগ্রহ রয়েছে।

২৬. পৃথিবীর মূল মধ্যরেখা হতে পূর্ব বা পশ্চিমে কোনো স্থানের কৌণিক দূরত্বকে বলা হয়—
ক. অক্ষাংশ
খ. সুমেরু
গ. কুমেরু
ঘ. দ্রাঘিমাংশ

**উত্তর ✓ ঘ** ব্যাখ্যা: পৃথিবীর মূল মধ্যরেখা হতে পূর্ব বা পশ্চিমের কোন স্থানের কৌণিক দূরত্বকে দ্রাঘিমাংশ বলে। দ্রাঘিমা রেখাগুলো অর্ধবৃত্তাকার।

২৭. ভূত্বকের গভীরতা (প্রায়)-
ক. ১৬ কিমি খ. ১২ কিমি
গ. ১০ কিমি ঘ. ২০ কিমি

উত্তর ✓ ক ভূ-অভ্যন্তরের উপরিভাগে অবস্থিত পৃথিবীতে বিস্তৃত যে কঠিন শিলাস্তর দেখা যায় তাকে ভূ-ত্বক বলে। ভূ-ত্বকের গভীরতা প্রায় ১৬ কি.মি.।

২৮. বাংলাদেশের কোন বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত?
ক. সিলেটের ভূমি
খ. ভাওয়াল ও মধুপুরের বনভূমি
গ. পার্বত্য চট্টগ্রামের বনভূমি
ঘ. খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বনভূমি

উত্তর ✓ খ ভাওয়াল ও মধুপুরের বনভূমি শাল বৃক্ষের জন্য বিখ্যাত। এই বনভূমি গাজীপুর, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায় বিস্তৃত। এই বনভূমির অর্ধ পত্রঝরা বনে শাল, শিমুল, অর্জুন, কড়ই, গজারি, বহেরা প্রভৃতি গাছ পাওয়া যায়।

২৯. বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে-
ক. রানীগঞ্জে খ. বিজয়পুরে
গ. জামালগঞ্জে ঘ. জকিগঞ্জে

উত্তর ✓ গ দেশের সর্বপ্রথম কয়লাখনি আবিষ্কৃত হয় ১৯৬২ সালে জয়পুরহাটের জামালগঞ্জে। এখানে উন্নত মানের কয়লা পাওয়া যায়।

৩০. কর্ণফুলী নদীর উৎস ভারতের কোন রাজ্যে?
ক. ত্রিপুরা খ. মণিপুর
গ. মেঘালয় ঘ. মিজোরাম

উত্তর ✓ ঘ বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলী। কর্ণফুলী ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় হতে উৎপন্ন হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। দেশের একমাত্র পানিবিদ্যুৎ কেন্দ্র কর্ণফুলী নদীর উপর অবস্থিত। কর্ণফুলী নদীর দৈর্ঘ্য ১৬০ কিলোমিটার।

৩১. সিএফসি কি ক্ষতি করে?
ক. বায়ুর তাপ বৃদ্ধি করে
খ. এসিড বৃষ্টিপাত ঘটায়
গ. ওজোন স্তর ধ্বংস করে
ঘ. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে

উত্তর ✓ গ সিএফসি হলো ক্লোরোফ্লোরো কার্বন যা বায়ুমণ্ডলের ওজোন স্তর ধ্বংস করে। আর ওজোন স্তরে বিভিন্ন ক্ষতিকর রশ্মি পৃথিবীতে আসতে বাধা প্রদান করে। সিএফসি দ্বারা ওজোনস্তর ধ্বংস হওয়ার ফলে ক্ষতিকর রশ্মি পৃথিবীতে আসছে এবং জীবের ক্ষতিসাধন করছে।

৩২. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না-
ক. শ্বসন খ. সালোকসংশ্লেষণ
গ. রেচন ঘ. অভিস্রবণ

উত্তর ✓ খ ক্লোরোফিল হলো উদ্ভিদের পাতার সবুজ কণিকা যা সূর্যালোকের উপস্থিতিতে বায়ু থেকে $CO_2$ এবং মাটি থেকে শোষিত পানি গ্রহণ করে শারীরবৃত্তীয় জারণ-বিজারণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য প্রস্তুত করে। এই প্রক্রিয়াকে সালোকসংশ্লেষণ বলে।

৩৩. শৈবালের বৈশিষ্ট্য কি?
ক. এরা স্বভোজী খ. এরা পরজীবী
গ. এরা এককোষী ঘ. এদের দেহে ক্লোরোফিল থাকে না

উত্তর ✓ ক সবুজ ক্লোরোফিল যুক্ত উদ্ভিদকে শৈবাল বলে। কোষ প্রাচীর এরা স্বভোজী। এদের মূল, কাণ্ড, পাতা, নেই। কোষ প্রাচীর সেলুলোজে নির্মিত।

৩৪. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ক. ০° সেন্টিগ্রেড খ. ৪° সেন্টিগ্রেড
গ. ১০° সেন্টিগ্রেড ঘ. ১০০° সেন্টিগ্রেড

উত্তর ✓ খ 4°C তাপমাত্রায় পানির ঘনত্ব বেশি পানির ব্যতিক্রম ধর্মী প্রসারণ। পানির তাপমাত্রা বাড়তে থাকলে 4°C পর্যন্ত এর ঘনত্ব বাড়বে এবং তাপমাত্রা আরো বাড়তে থাকলে ঘনত্ব কমে যাবে।

৩৫. পৃথিবীর ঘূর্ণনের ফলে আমরা ছিটকে পড়ি না কেন?
ক. পৃথিবীর সাথে আমাদের ঘূর্ণনের জন্য
খ. আমরা স্থির থাকার জন্য
গ. বাতাসের উপস্থিতির জন্য
ঘ. মধ্যাকর্ষণ বলের জন্য

উত্তর ✓ ঘ পৃথিবী যে বলে সবকিছুকেই তার কেন্দ্রের দিকে আকর্ষণ করে তাকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে। এটি ... উপর কেন্দ্রমুখী বল। এই বলের কারণে আমরা পৃথিবীর ঘূর্ণনের পরেও ছিটকে পড়ি না।

৩৬. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?
ক. রোগ প্রতিরোধ করা খ. রক্তে জমাট বাঁধতে সাহায্য করা
গ. অক্সিজেন পরিবহন করা ঘ. উল্লেখিত সবকটিই

উত্তর ✓ গ হিমোগ্লোবিন এক ধরনের লৌহঘটিত প্রোটিন জাতীয় পদার্থ যার উপস্থিতিতে রক্তের রং লাল হয়। হিমোগ্লোবিন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে অক্সিজেন পরিবহন করে।

৩৭. নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-
ক. ধমনীর ভিতর দিয়ে খ. শিরার ভিতর দিয়ে
গ. স্নায়ুর ভিতর দিয়ে ঘ. ল্যাকটিয়ালের ভিতর দিয়ে

উত্তর ✓ ক যে সব রক্তনালির মাধ্যমে রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাকে ধমনি বলে। ধমনীর ভিতর দিয়ে নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়।

৩৮. ০.২৫ কে সামান্য ভগ্নাংশে পরিণত করলে হবে-
ক. $\frac{২}{৩}$ খ. $\frac{১}{৫}$
গ. $\frac{১}{৪}$ ঘ. $\frac{৩}{৪}$

উত্তর ✓ গ $০.২৫ = \frac{২৫}{১০০} = \frac{১}{৪}$

৩৯. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?
ক. ২৫ টাকা খ. ১২ টাকা
গ. ১৫ টাকা ঘ. ২২ টাকা

উত্তর ✓ ঘ এক হালি আমের ক্রয়মূল্য $= \frac{৬০}{৩} = ২০$ টাকা

এক হালি আমের বিক্রয়মূল্য $= ২০ + ২০$ এর $\frac{১০}{১০০}$ টাকা

$= ২০ + ২ = ২২$ টাকা।

৪০. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ...... ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক. ৪০ খ. ৫৫
গ. ৬৮ ঘ. ৯০

উত্তর ✓ খ ১, ২, ৩, ৫, ৮, ১৩, ৩৪, ৫৫
অর্থাৎ ৩য় পদ = ২ + ১ = ৩
সুতরাং নবম পদ = ৩৪ + ২১ = ৫৫

৪১. একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩২ কেজি এবং অর্ধেক তেলসহ পাত্রের ওজন ২০ কেজি। পাত্রটির ওজন কত?

ক. ৮ কেজি খ. ১০ কেজি
গ. ১২ কেজি ঘ. ৬ কেজি

উত্তর ✓ ক

পাত্রের ওজন + ১ (সম্পূর্ণ) তেলের ওজন = ৩২ কেজি

পাত্রের ওজন + ১/২ " " = ২০ কেজি

---

১/২ পাত্র তেলের ওজন = ১২ কেজি

∴ পাত্রের ওজন = ২০ − ১২ = ৮ কেজি.

৪২. একটি রাস্তায় ১২৫ মিটার অন্তর বৈদ্যুতিক খুঁটি পোঁতা হচ্ছে। ৮ কিমি দীর্ঘ রাস্তায় কতগুলো খুঁটির প্রয়োজন হবে?

ক. ৫০টি খ. ৪৩টি
গ. ৬৫টি ঘ. ৫১টি

উত্তর ✓ গ

খুঁটির প্রয়োজন হবে = মোট দূরত্ব / ব্যবধান

= (৮ × ১০০০) / ১২৫ ১ কিমি = ১০০০ মিটার

= ৬৪ টি

যেহেতু রাস্তার শুরুতে একটি খুঁটির প্রয়োজন তাই খুঁটির সংখ্যা হবে = ৬৪ + ১ = ৬৫ টি

৪৩. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় একটি পরিবার চিনি খাওয়ার পরিমাণ এমনভাবে কমালো যে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমালো?

ক. ৩০% খ. ২৫%
গ. ২২% ঘ. ২০%

উত্তর ✓ ঘ

শতকরা কমলো = $\frac{r}{100+r} \times 100$ বৃদ্ধি হলে (+) হবে।

$= \frac{25}{100+25} \times 100$ $r = 25\%$

$= \frac{25}{125} \times 100$

$= 20\%$

৪৪. ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৫০ টাকা। ক এর বেতন ৫৪০ টাকা হলে ঘ এর বেতন কত?

ক. ৩৭৫ টাকা খ. ৩৮০ টাকা
গ. ৩৯০ টাকা ঘ. ৪০০টাকা

উত্তর ✓ গ

ক, খ, গ এর মোট বেতন (৫০০ × ৩) = ১৫০০ টাকা

ক এর বেতন = ৫৪০ টাকা

---

খ ও গ এর বেতন = ৯৬০ টাকা

এখন খ, গ ও ঘ এর বেতন (৪৫০ × ৩) = ১৩৫০ টাকা

খ ও গ এর বেতন = ৯৬০ টাকা

---

ঘ এর বেতন = ৩৯০ টাকা

৪৫. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

ক. ১৪ বছর খ. ১৩ বছর
গ. ১৬ বছর ঘ. ১৫ বছর

উত্তর ✓ খ

৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের মোট বয়স (৩৫ × ১৫) = ৫২৫ বছর

∴ বালকের বয়স = ৫২৫ − (৬ জন পুরুষের মোট বয়স + ৮ জন স্ত্রীলোকের মোট বয়স)

= ৫২৫ − (৬ × ৪০ + ৮ × ৩৪)

= ৫২৫ − (২৪০ + ২৭২)

= ৫২৫ − ৫১২

= ১৩ বছর

৪৬. ১০ বছর আগে করিমের বয়স ছিল রহিমের বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে বর্তমানে তাদের মোট বয়স কত?

ক. ৩৫ বছর খ. ২৩ বছর
গ. ২৮ বছর ঘ. ৪৫ বছর

উত্তর ✓ ক

মনে করি, করিমের ও রহিমের বর্তমান বয়স ৩x ও ৪x।

প্রশ্নমতে, ৩x − ১০ = ১/২ (৪x − ১০)

⇒ ৬x − ২০ = ৪x − ১০

$\Rightarrow 6x - 4x = -10 + 20$

$\Rightarrow 2x = 10$

$\Rightarrow x = \frac{10}{2} = 5$

মোট বয়স = ৩ × ৫ + ৪ × ৫

= ১৫ + ২০ = ৩৫ বছর

৪৭. একটি নৌকা স্রোতের প্রতিকূলে ৯ কিমি ও স্রোতের অনুকূলে ১৮ কিমি যায় ৩ ঘণ্টায়। নৌকার গতিবেগ ঘণ্টায় কত কিমি?

ক. ১.৫ কিমি খ. ৩ কিমি
গ. ৬ কিমি ঘ. ৪.৫ কিমি

উত্তর ✓ ঘ স্রোতের অনুকূলে,

নৌকার বেগ + স্রোতের বেগ = দূরত্ব/সময় = ১৮/৩ = ৬ কিমি/ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে

নৌকার বেগ − স্রোতের বেগ = দূরত্ব/সময় = ৯/৩ = ৩ কিমি/ ঘণ্টা

---

২ × নৌকার বেগ = ৯ কিমি/ ঘণ্টা

⇒ নৌকার বেগ = ৯/২ = ৪.৫ কি.মি/ ঘণ্টা

৪৮. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত—

ক. ২৫/৯ খ. ৩
গ. ২২/৭ ঘ. প্রায় ৫

উত্তর ✓ গ বৃত্তের পরিধি = $2\pi r$


বৃত্তের ব্যাস = $2r$

∴ তাদের অনুপাত = $\frac{2\pi r}{2r} = \pi = \frac{22}{7}$

**৪৯. কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি–**

ক. সমবাহু খ. সমকোণী
গ. সূক্ষ্মকোণী ঘ. স্থূলকোণী

উত্তর ✓ খ — একটি কোণ, অপর দুটি কোণের সমষ্টি সমান হলে কোণটি অবশ্যই ৯০°। যে ত্রিভুজের একটি কোণের মান ৯০° বা এক সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে।




**৫০. $x - \frac{1}{x} = 4$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ = কত?**

ক. 18 খ. 16
গ. 14 ঘ. 22

উত্তর ✓ ক — প্রদত্তরাশি, $x^2 + \frac{1}{x^2} = \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x\frac{1}{x}$
$= 4^2 + 2$
$= 16 + 2 = 18$

**৫১. m এর মান কত হলে $4x^2 - mx + 9$ একটি পূর্ণ বর্গ হবে?**

ক. 9 খ. 10
গ. 12 ঘ. 16

উত্তর ✓ গ — $4x^2 - mx + 9$
$= (2x)^2 - 2.2x.3 + 3^2 + 12x - mx$
$= (2x - 3)^2 + 12x - mx$
রাশিটি একটি পূর্ণ বর্গ হবে যদি $12x - mx = 0$ হয়
$\therefore 12x - mx = 0$
$\Rightarrow mx = 12x \Rightarrow m = 12$

**৫২. He said to me, "Which book do you want?" বাক্যের indirect speech হচ্ছে–**

ক. He said to me which book I wanted.
খ. He asked me which book I wanted.
গ. He asked to me which book I wanted.
ঘ. He said to me which book I have wanted.

উত্তর ✓ খ — Interrogative sentence এর direct speech কে Indirect speech এ রূপান্তরের নিয়ম :
প্রথমত, Reporting verb 'said to' এর স্থলে 'asked হবে।
দ্বিতীয়ত, বাক্যে মধ্যস্থিত comma (,) এবং Inverted comma (" ") উঠে যাবে
তৃতীয়ত, Interrogative linker conjunction রূপে ব্যবহৃত হবে।
সর্বশেষে, Subject এবং verb পাশাপাশি অবস্থান নিবে।
বি.দ্র: Reporting verb টি past tense এ থাকলে Reportad speech টি verb form present indifinite tense থেকে পরিবর্তিত হয়ে past Indifinite tense এর হয়।

**৫৩. 'Bitter' শব্দটির verb হচ্ছে–**

ক. Bitterness খ. Bitter
গ. Bitterify ঘ. Embitter

উত্তর ✓ ঘ — Bitter (adj) – তিক্ত;
Em (prefix) + bitter – Embitter (v) – তিক্ত করা।

**৫৪. 'Destory' শব্দটির noun হচ্ছে–**

ক. Destruction খ. Damage
গ. Harm ঘ. Affect

উত্তর ক

**৫৫. 'I shall adhere —— my plan' বাক্যের শূণ্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. to খ. in
গ. for ঘ. with

উত্তর ✓ ক — Adhere to – কোন কিছুতে স্থির থাকা।

**৫৬. 'Your conduct admits —— no excuse' বাক্যে শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. for খ. at
গ. of ঘ. form

উত্তর

**৫৭. 'Beggar description' Phrase টির অর্থ হচ্ছে–**

ক. Miser খ. Undescribable
গ. Very poor ঘ. Inefficient

উত্তর ✓ খ — Begger description – অবর্ণনীয়; undescribable – অবর্ণনীয়।

**৫৮. 'Viva-voice' শব্দটির অর্থ হচ্ছে–**

ক. Orally খ. Face to face
গ. Interview ঘ. Written

উত্তর

**৫৯. 'Natural' শব্দটির Antonym হচ্ছে–**

ক. Inherent খ. Original
গ. Kingdom ঘ. Abnormal

উত্তর ✓ ঘ
Natural (Adj) – স্বাভাবিক; Original (Adj) – প্রকৃত; abnormal (Adj) – অস্বাভাবিক; Inherent (Adj) – অন্তর্নিহিত; Kingdom (N) – রাজত্ব।

**৬০. 'Encounter' শব্দটির Symonym হচ্ছে–**

ক. Concord খ. Harmony
গ. Battle ঘ. Part

উত্তর

**৬১. নিচের কোনটি শুদ্ধ বানান?**

ক. Embarrasment খ. Embarrassment
গ. Embarassment ঘ. Embarasment

উত্তর

**৬২. নিচের কোনটি শুদ্ধ বানান?**

ক. Addultration খ. Adultration
গ. Addulteration ঘ. Adulteration

উত্তর

**৬৩. 'Do away with it' বাক্যের passive form হচ্ছে–**

ক. Let it be done away with
খ. Let it has done away with it
গ. Let it is to be done away with
ঘ. Let is has to do away with

উত্তর

**৬৪. 'All his pupils like him বাক্যের passive form হচ্ছে–**

ক. He was liked by all his pupils.
খ. He is liked by all his pupils.
গ. He is liked by all his pupils.
ঘ. He is being liked by all his pupils.

**৬৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Hasan has choosed the right path.
খ. Hasan has chosen the right path.
গ. Hasan has chose the right path.
ঘ. Hasan has choseing the right path.

উত্তর

**৬৬. নিচের কোনটি শুদ্ধ বাক্য?**

ক. I saw the bird sit down on the roof.
খ. I saw the brid sat on the roof.
গ. I saw the bird sits on the roof.
ঘ. I saw the bird sitting on the roof.

উত্তর ✓ ঘ ব্যাখ্যা একটি বাক্যের দুটি মূল verb থাকলে ২য় verb - টির (ing) form হয় । বাক্যে 'see' এবং 'sit' দুটি মূল 'verb' থাকায় ২য় verb টির 'ing' form sitting হবে ।

**৬৭. 'আকাশ কুসুম' শব্দের অর্থ কোনটি?**

ক. অলীক ভাবনা খ. অদ্ভুত জিনিস
গ. সুন্দর কল্পনা ঘ. স্বপ্ন উত্তর ক

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা : আঁকুপাঁকু করা (ছটফট করা), আমি আমি করা (আত্মপ্রশংসা করা), তামার বিষ (অর্থের কুপ্রভাব), তাসের ঘর (ক্ষণস্থায়ী), তীর্থের কাক (প্রতীক্ষারত), তুর্কি নাচন (নাজেলহাল অবস্থা), আগড়ম বাগড়ম (অর্থহীন কথা) ।

**৬৮. 'ক্ষমার যোগ্য'এর বাক্য সংকোচন–**

ক. ক্ষমা খ. ক্ষমাপ্রার্থী
গ. ক্ষমার্হ ঘ. ক্ষমাপ্রদ উত্তর গ

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা সরোবরে জন্মে– সরোজ, যার যশ আছে– যশস্বী, যার সর্বস্ব খোয়া গেছে– সর্বস্বান্ত, যে শুনেই মনে রাখতে পারে– শ্রুতিধর, যা বলা হবে– বক্তব্য ।

**৬৯. 'গায়ক' এর সন্ধি বিচ্ছেদ–**

ক. গৈ + য়ক খ. গৈ + অক
গ. গা + অক ঘ. গঃ + অক

উত্তর ✓ খ ব্যাখ্যা স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয় । যেমন :

| | |
|---|---|
| গো + এষণা = গবেষণা | ভো + অন = ভবন |
| শে + অন = শয়ন | নৈ + অক = নায়ক |

**৭০. যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না তাকে বলে–**

ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস

উত্তর ✓ ঘ ব্যাখ্যা অলুক সমাস বিভিন্ন ধরনের হয়ে থাকে যেমন : অলুক দ্বন্দ্ব,অলুক তৎপুরুষ, অলুক বহুব্রীহি প্রভৃতি । কয়েকটি উদাহরণ- কোলে ও পিঠে = কোলেপিঠে, সোনার তরী = সোনার তরী, গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে = গায়ে হলুদ ইত্যাদি ।

**৭১. কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?**

ক. কলে ছাঁটা খ. মাথায় ছাতা
গ. গায়ে হলুদ ঘ. হাতে কলমে

উত্তর ✓ ক ব্যাখ্যা যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে । যেমন : গায়ে পড়া = গায়েপড়া । এরূপ : ঘিয়েভাজা, কলে ছাঁটা, কলের গান, গরুর গাড়ি ইত্যাদি ।

**৭২. 'ঔদ্ধত্য' এর সমার্থক শব্দ–**

ক. স্তব্ধ খ. বিনয়
গ. গম্ভীর ঘ. মাথা নত না করা

উত্তর ✓ খ ব্যাখ্যা 'ঔদ্ধত্য' এর সমার্থক শব্দ : উগ্রতা, অবিনয়, ধৃষ্টতা, অশিষ্টতা, দম্ভ, দেমাক, বড়াই ।

**৭৩. 'পর্বত' এর সমার্থক শব্দ নয়–**

ক. পাহাড় খ. গিরি
গ. শিলা ঘ. শৈল

উত্তর ✓ গ ব্যাখ্যা 'পর্বত' ও 'পাথর' এর কতিপয় সমার্থক শব্দ :

| | |
|---|---|
| পর্বত | পাহাড়, অদ্রি, ভূধর, মহীধর, নগ, অচল, অগ, ক্ষিতিধর, শৈল, পৃথ্বীধর, শৃঙ্গধর, গিরি, মহীধ্র । |
| পাথর | প্রস্তর, পাষাণ, শিলা, শিল, উপল, অশ্ম, কাঁকর, কঙ্কর, শর্করা । |

**৭৪. নিচের বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? তোমার গায়ে <u>নখের</u> আঁচড়ও লাগবে না ।**

ক. কর্মে শূন্য খ. অপাদানে ৬ষ্ঠী
গ. করণে ৫মী ঘ. করণে ৬ষ্ঠী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায় । ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয় । যেমন : নীরা **কলম** দিয়ে লেখে । (উপকরণ- কলম) ।

**৭৫. নিচের বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? কপোল ভাসিয়া গেল নয়নের জলে ।**

ক. কর্মে শূন্য খ. করণে ৩য়া
গ. অধিকরণে শূন্য ঘ. কর্মে ২য়া

উত্তর ✓ ক ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে । যেমন : আমাকে একখানা **বই** দাও ।

**৭৬. কোনটি শুদ্ধ বানান?**

ক. দধিচী খ. দধীচি
গ. দধিচি ঘ. দধীচী

উত্তর ✓ খ ব্যাখ্যা গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান : দধীচি, দরিদ্রতা, দারিদ্র্য, দূষিত, দৈন্য, দীনতা, দণ্ড, দন্তৌষ্ঠ্য, দরুন, দর্পণ ।

**৭৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. ষান্মাষিক খ. ষান্মাশিক
গ. ষান্মাসিক ঘ. সানমাসিক

উত্তর ✓ Blank ব্যাখ্যা অপশনে শুদ্ধ বানান নেই । শুদ্ধ বানান : ষাণ্মাসিক, ষাণ্মাতুর, ষোড়শী, ষড়ভুজ, ষড়যন্ত্র, ষোলো, ষড়ঋতু, ষাড় ।

**৭৮. 'ন্যায়দণ্ড' উপন্যাসটি কে রচনা করেন?**

ক. স্বর্ণকুমারী দেবী খ. জরাসন্ধ
গ. রশীদ করিম ঘ. সৈয়দ ওয়ালী উল্লাহ

উত্তর ✓ খ ব্যাখ্যা 'জরাসন্ধ' ছদ্মনামধারী আসল/প্রকৃত মানুষটি হলেন চারুচন্দ্র চক্রবর্তী (১৯০২ - ১৯৮১) । 'ন্যায়দণ্ড' উপন্যাস সহ 'লৌহকপাট', 'তাপসী' ইত্যাদি উপন্যাসে কয়েদিজীবনের কাহিনি বর্ণনা করেছেন ।

**৭৯. 'মায়াবী প্রহর' নাটকটি কার রচনা?**

ক. সেলিম আল দীন খ. দীনবন্ধু মিত্র
গ. আলাউদ্দিন আল আজাদ ঘ. আবদুল্লাহ আল মামুন

উত্তর ✓ গ ব্যাখ্যা ফেব্রুয়ারিকেন্দ্রিক কবিতা 'স্মৃতির মিনার' এর লেখক আলাউদ্দিন আল আজাদ ছিলেন ভাষাসৈনিক । তাঁর উল্লেখযোগ্য নাটকের মধ্যে মায়াবী প্রহর, ধন্যবাদ, নরকে লাল গোলাপ, সংবাদ শেষাংশ এবং হিজল কাঠের নৌকা অন্যতম ।

**৮০. 'বিচ্ছিন্ন প্রতিলিপি' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?**

ক. মাযহারুল ইসলাম খ. রফিকুল আজাদ
গ. হুমায়ুন কবির ঘ. জাহানারা ইমাম

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ড. মাযহারুল ইসলাম এর কয়েকটি কাব্যগ্রন্থ : বিচ্ছিন্ন প্রতিলিপি, মাটির ফসল, আর্তনাদে বিবর্ণ, যেখানে বাঘের থাবা, প্রাতঃরাশ ও দুঃসময়ের ছড়া ।